# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৪৫৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৮. প্রথম অনুচ্ছেদ - কুরবানী

بَابٌ فِي الْأُضْحِيَّةِ

## আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَذْبَحُ وَيَنْحَرُ بِالْمُصَلَّى. رَوَاهُ الْبُخَارِيّ

## বাংলা

১৪৫৭-[৫] ’আবদুল্লাহ ইবনু ’উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঈদগাহের ময়দানেই যাবাহ করতেন বা নহর করতেন। (বুখারী)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৫৫৫২, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ১৯১১৯।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসে যাবাহের স্থান চিহ্নিত হয়েছে বিশেষ করে ঈদগাহে যাবাহ করা ভাল যাতে (ইসলামী) সংস্কৃতি প্রকাশ করা হয় ও আল্লাহর যিকর হয়। আর যাতে প্রমাণিত হয় যাবাহের সময়, কেননা যখন ঈদগাহে যাবাহ করা হয় তখন জানা যায় যে, সালাতের পরে হচ্ছে পূর্বে না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56017

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন